সমকাল

তারিখ 20 FEB 2016
পৃষ্ঠা 7 কলাম 2

### নলডাঙ্গার পীরগাছা কোমরপুর মডেল হাইস্কুল

# দু'বছর ধরে কোনো অনুষ্ঠানই হচ্ছে না

■ নাটোর প্রতিনিধি

নাটোরের নলডাঙ্গা উপজেলার পীরগাছা কোমরপুর মডেল হাইস্কুলের ছাত্রছাত্রীরা স্থানের অভাবে দু'বছর ধরে অ্যাসেম্বলিসহ কোনো অনুষ্ঠান পালন করতে পারছে না। বারনই নদীর ভাঙনরোধে কংক্রিটের তৈরি 'ব্লক' করে স্কুল চত্বরজুড়ে মজুদ রাখা হয়েছে দু'বছর ধরে। স্কুল কর্তৃপক্ষ এবারের মাতৃভাষা দিবসের আগেই ব্লকগুলো অন্যত্র সরিয়ে নেওয়ার আহ্বান জানিয়েছে।

প্রায় দু'বছর আগে নাটোরের পানি উন্নয়ন বোর্ড নলডাঙ্গা উপজেলার পীরগাছা এলাকায় বারনই নদীসংলগ্ন পীরগাছা কোমরপুর মডেল হাইস্কুল ও কোমরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ ভাঙন এলাকায় ব্লক বসানো কাজের প্রকল্প হাতে নেয়। দরপত্র গ্রহণের পর ঠিকাদার চুক্তি অনুযায়ী কংক্রিটের 'ব্লক' তৈরি করে স্কুল চত্বরে মজুদ করে রাখে। এদিকে পিরগাছা কোমরপুর মডেল হাইস্কুলের মাঠজুড়ে ব্লক মজুদ রাখার কারণে দীর্ঘদিন ধরে স্কুল শুরুর আগে অ্যাসেম্বলি করতে পারছে না ওই স্কুলের ছাত্রছাত্রীরা। এ ছাড়া স্থানাভাবে দীর্ঘদিন ধরে সব ধরনের জাতীয় অনুষ্ঠান বন্ধ রয়েছে।

স্কুলের সহকারী প্রধান শিক্ষক আবদুর রহমান জানান, ঠিকাদারসহ সংশ্লিষ্ট বিভাগকে ব্লকগুলো সরিয়ে নেওয়ার জন্য অনুরোধ করেও কাজ হয়নি।



নাটোরের নলডাঙ্গার পীরগাছা কোমরপুর হাইস্কুলের সামনে পড়ে আছে তৈরি কংক্রিটের ব্লক ■ সমকাল

পীরগাছা কোমরপুর মডেল হাইস্কুলের প্রধান শিক্ষক মোজাহার হোসেন জাতীয় সঙ্গীতের অনুষ্ঠান করতে না পারার কথা স্বীকার করলেও সংশ্লিষ্ট ঠিকাদারের পক্ষে সাফাই গেয়ে জানান, ঠিকাদার পরিস্থিতির শিকার হয়েছেন। ভাটিতে রাবার ড্যাম থাকায় নদীর পানি না কমায় ঠিকাদার কাজ শুরু করতে পারছেন না বলে এ সমস্যার সৃষ্টি হয়েছে। তবে তিনি ক্লাসে অ্যাসেম্বলি করা হয় বলে জানান।

নলডাঙ্গা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাগরেব আলী জানান, ব্লক দিয়ে স্কুলমাঠ আবদ্ধ করে রাখা হয়েছে। ফলে স্কুলের শিক্ষার্থীরা খোলা মাঠে জাতীয় সঙ্গীত পরিবেশন করতে পারে না। তিনি সংশ্লিষ্ট বিভাগকে স্কুলমাঠ থেকে ব্লক দ্রুত সরিয়ে নেওয়ার তাগিদ দেন।

নাটোর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী হেলালুর রহমান জানান, বারনই নদীর ভাটিতে রাবার ড্যামের কারণে নদীর পানি কমছে না। ফলে ঠিকাদার কাজ শুরু করতে পারছেন না। তবে অচিরেই কাজ শুরু করা হবে বলে তিনি জানান।